

কুমিল্লায় ১৭ কেজি গাঁজাসহ আটক ০২



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুমিল্লা উপ-অঞ্চলের সদর (উত্তর) সার্কেল পরিদর্শক জনাব মোঃ মজিবুর রহমান এর নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে ১৬/১১/২০১৪ তারিখ বুড়িচং থানাধীন ভরাসার বাজারে সি.এন.জি ও ব্যাটারী চালিত অটোরিক্সায় অভিযান চালিয়ে আসামী

১. মোছাঃ লাভলী (২০), পিতা- মোঃ

রফিক মিয়া, সাং- টিক্কারচর, কোতয়ালী, কুমিল্লা ২. মোঃ এরশাদ মিয়া (৩২), পিতা- মোঃ শ্যাম মিয়া, সাং- নয়নপুর, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া কে যথাক্রমে ১০ কেজি ও ০৭ কেজিসহ মোট ১৭ কেজি গাঁজা আটক করেন। অবৈধ মাদকদ্রব্য রাখার অপরাধে আসামীদ্বয় কে গ্রেফতার করেন। এ ব্যাপারে পরিদর্শক জনাব মোঃ মজিবুর রহমান বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বুড়িচং থানার মামলা নং-৩৫ ও ৩৬ তাং ১৬/১১/২০১৪ ইং দায়ের করেন।